**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন,** চিকিৎসকদের **দায়বদ্ধতার সঙ্গে সাধারণ মানুষকে পরিষেবা প্রদান করতে হবে।**

**(২) ত্রিপুরার চুরাইবাড়ি থেকে সাব্রুম পর্যন্ত ২৭১ কিলোমিটার রেল লাইন বৈদ্যুতিকরনের কাজ শেষ হয়েছে |**

**(৩) কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ পি এম স্বনিধি প্রকল্প পুনর্গঠনের অনুমোদন প্রদান করা হয়েছে।**

**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, অপারেশন সিন্দুর এবং অপারেশন মহাদেবের মাধ্যমে ভারত সন্ত্রাসবাদীদের কাজের পরিণতি সম্পর্কে স্পষ্ট বার্তা দিয়েছে।**

*****************************************************

**CM-TMC:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, চিকিৎসকদের তাদের কাজের প্রতি সর্বোচ্চ দায়বদ্ধতা রেখে সাধারণ মানুষকে পরিষেবা প্রদান করতে হবে। তবেই রাজ্যের চিকিৎসা ব্যবস্থার প্রতি জনগণের আস্থার ভিত্তি তৈরি হবে। হাসপাতালে চিকিৎসা পরিষেবার সুস্থ পরিবেশ বজায় রাখতে চিকিৎসক ও রোগীর পরিজন উভয়কে নিজ নিজ দায়িত্ব পালন করতে হবে। আজ ত্রিপুরা মেডিক্যাল কলেজ ও ড. বি আর আম্বেদকর টিচিং হাসপাতালের ২০তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী বলেন, চিকিৎসকের পেশা একটি মহৎ পেশা। এই সম্মানজনক অবস্থান বজায় রাখতে

চিকিৎসকদেরও পরিষেবা নিতে আসা মানুষদের দায়বদ্ধতার সাথে চিকিৎসা করা প্রয়োজন।

##########Byte C.M##########

মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির এক অভূতপূর্ব পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। যাকে মানব কল্যাণে ব্যবহার করা অত্যন্ত প্রয়োজনীয়। এআই'র মতো ব্যবস্থাকে কাজে লাগিয়ে চিকিৎসা পরিষেবাকে এক অনন্য স্তরে নিয়ে যাওয়া সম্ভব। কিন্তু এক্ষেত্রে চিকিৎসকদেরও দক্ষতা বিকাশ অত্যন্ত আবশ্যক। তিনি বলেন, রাজ্যে বর্তমানে এমবিবিএস-এর ৪00টি আসন রয়েছে। ত্রিপুরা মেডিক্যাল কলেজেও এমবিবিএস-এর আসন সংখ্যা ১00 থেকে ১৫0 করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অনুরোধ জানানো হয়েছে। মুখ্যমন্ত্রী আজ এই অনুষ্ঠানে (জি+৪) ট্রমা কেয়ার সেন্টার, (জি+১৩) আবাসিক ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেন|

*************************

## RAIL TRAC ELECTRIFICATION:

ত্রিপুরার চুরাইবাড়ি থেকে সাব্রুম পর্যন্ত ২৭১ কিলোমিটার রেল লাইন বৈদ্যুতিকরনের কাজ সম্পুর্ন হয়েছে এবং এই পথ বৈদ্যুতিক ট্রেন চলাচলের জন্য সম্পুর্ন প্রস্তুত। আজ আগরতলা রেল স্টেশনে এক অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বৈদ্যুতিন বোতাম টিপে কুমারঘাট, তেলিয়ামুড়া ও উদয়পুর থেকে ট্রেন লাইনে ১৩২ KV উচ্চ পরিবাহী বিদ্যুত সংযোগ ব্যবস্থার সূচনা করেন।শ্রী নাথ আজকের এই দিনটিকে এক ঐতিহাসিক দিন বলে উল্লেখ করেন। এই কাজে ৫৮ কোটি ২৮ লক্ষ টাকা খরচ হয়েছে বলে তিনি জানান। তিনি বলেন রাজ্যে প্রত্যহ প্রায় ১৯ টি দুরপাল্লার যাত্রী ট্রেন চলাচল করে ।এছাড়া লোকাল ডেমু ট্রেনে প্রতিদিন প্রায় ১২ হাজার যাত্রী চলাচল করেন। তিনি জানান,

আগরতলা পর্যন্ত রেল লাইন ডাবল করার জন্য সমীক্ষার কাজ প্রায় শেষের পথে। অনুষ্ঠানে এন এফ রেলওয়ের বিদ্যুত বিভাগের আধিকারিক প্রকাশ চন্দ্রমিনা, ট্রেন লাইনে উচ্চ পরিবাহী বিদ্যুত সরবরাহ শুরু হওয়ায় জন্য সাধারনকে ট্রেন লাইনের যে কোনো জিনিস স্পর্শ না করার বিষয়ে সাবধান থাকার অনুরোধ করেন। তিনি আশা করেন শিগগিরই আগরতলা থেকে দুরপাল্লার বৈদ্যুতিন ট্রেন চলাচল নিয়মিত শুরু হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, আগরতলার পুর মেয়র দীপক মজুমদার, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক মীনারানী সরকার, বিদ্যুৎ সচিব অভিষেক সিং, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের এম ডি বিশ্বজিত বসু , রেলওয়ের নির্মান সংস্থা ইরকনের জেনারেল ম্যানেজার দেবেন্দ্র সহায়া, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের TPTL এর জি এম রঞ্জন দেববর্মা |

**************************

**Ganesh Chathurthi:**

আজ গণেশ চতুর্থী। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গণেশ চতুর্থী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। আজ সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী এই উৎসব সকলের জীবনে শান্তি ও সমৃদ্ধি নিয়ে আসবে বলে কামনা করেন।

**************************

**Ganesh Chaturthi -State:**

ভাদ্র মাসের শুক্লা পক্ষের পূণ্য তিথিতে সারাদেশের সাথে রাজ্যেও সিদ্ধিদাতা গণেশের আরাধনা চলছে। বারোয়ারি পুজোর পাশাপাশি অনেক গৃহস্থের বাড়িতেও গণেশ পুজোর আয়োজন করা হয়েছে। গণেশ পুজো উপলক্ষে মণ্ডপগুলি আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে। সাংসদ রাজীব ভট্টাচার্য

আজ আগরতলার টাউন প্রতাপগড়ে বিজেপি মন্ডলের উদ্যোগে  আয়োজিত গণেশ পূজায় অংশগ্রহণ করেন। সেখানে এক অনুষ্ঠানে তিনি এলাকার দুঃস্থ দের মধ্যে বস্ত্র বিতরণ করেন। সাংসদ বিপ্লব কুমার দেব আজ বিজেপি চড়িলাম ও বিশালগড় মন্ডল কমিটি আয়োজিত গনেশ পূজায় অংশগ্রহন করেন। রাজ্যবাসীর কল্যানে আশীর্বাদ কামনা করেন তিনি। ঊনকোটি জেলা সদর কৈলাশহরের নানাস্থানে আজ "গণেশ বন্দনা"র আয়োজন করা হয়েছে। গণেশ পূজা উপলক্ষ্যে আগরতলা সহ গোটা রাজ্যে শান্তি শৃঙ্খলা রক্ষায় পুলিশ প্রশাসন ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**UNION CABINET:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ 'প্রধানমন্ত্রী স্ট্রিট ভেন্ডার আত্মনির্ভর নিধি' বা পি এম স্বনিধি প্রকল্প পুনর্গঠনের অনুমোদন

প্রদান দেওয়া হয়েছে। এর আওতায় ঋণ প্রদানের সময়কাল ৩১শে ডিসেম্বর ২০২৪ থেকে বাড়িয়ে ৩১শে মার্চ, ২০৩০ করা হয়েছে। এই প্রকল্পের মোট খরচ ধরা হয়েছে ৭ হাজার ৩৩২ কোটি টাকা।এর ফলে নতুন ৫০ লক্ষ সহ মোট ১ কোটি ১৫ লক্ষ সুবিধাভোগী উপকৃত হবেন। পুনর্গঠিত প্রকল্পের মূল বৈশিষ্ট্যগুলির মধ্যে রয়েছে প্রথম এবং দ্বিতীয় ধাপে ঋণের পরিমাণ বৃদ্ধি, ঋণ পরিশোধকারী সুবিধাভোগীদের জন্য UPI-সংযুক্ত RuPay ক্রেডিট কার্ডের ব্যবস্থা এবং খুচরা ও পাইকারি লেনদেনের জন্য ডিজিটাল ক্যাশব্যাক সুবিধা। প্রথম ধাপের ঋণ ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১৫ হাজার টাকা করা হয়েছে এবং দ্বিতীয় ধাপের ঋণ ২০ হাজার টাকা থেকে বাড়িয়ে ২৫ হাজার টাকা করা হয়েছে। তৃতীয় ধাপের পরিমাণ অপরিবর্তিত রয়েছে ৫০ হাজার টাকা। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারীর সময় সমস্যাগ্রস্ত রাস্তার বিক্রেতাদের সহায়তা করার জন্য কেন্দ্রীয় সরকার প্রাথমিকভাবে ২০২০ সালের ১লা জুন প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্প চালু করেছিল।

**************************

**AMIT SHAH:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, অপারেশন সিন্দুর এবং অপারেশন মহাদেবের মাধ্যমে ভারত সন্ত্রাসবাদীদের কাজের পরিণতি সম্পর্কে স্পষ্ট বার্তা দিয়েছে। শ্রী শাহ আজ ভারতীয় সেনাবাহিনী, জম্মু ও কাশ্মীর পুলিশ এবং সিআরপিএফ-এর সাহসী জওয়ান-আধিকারিকদের সফলভাবে অপারেশন মহাদেব পরিচালনার মাধ্যমে পহেলগাম হামলায় জড়িত সন্ত্রাসীদের নিষ্ক্রিয় করার জন্য সম্মানিত করেছেন ।অনুষ্ঠানে তিনি বলেন, অপারেশন সিন্দুর জনগণের মনে সন্তুষ্টি এনেছিল, কিন্তু অপারেশন মহাদেব সেই সন্তুষ্টিকে আত্মবিশ্বাসে রূপান্তরিত করেছে। শ্রী শাহ  বলেন, ভারতের এনআইএ-এর ফরেনসিক সায়েন্স ল্যাবরেটরি কারিগরি প্রমাণ করেছে, অপারেশন মহাদেবে

নিহত সন্ত্রাসবাদীরাই প্রকৃতপক্ষে পহেলগামে বর্বরতা চালিয়েছিল। তিনি জোর দিয়ে বলেন, দেশের সেনানীরা বিশ্বকে দেখিয়ে দিয়েছেন, সন্ত্রাসবাদীরা তাদের পদ্ধতি এবং কৌশল যতই পরিবর্তন করুক না কেন, তারা ভারতের ক্ষতি করে আর পার পাবে না। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং গোটা দেশের পক্ষ থেকে, স্বরাষ্ট্রমন্ত্রী জনগণের হৃদয়ে নিরাপত্তার অনুভূতি জোরদার করার জন্য নিরাপত্তা বাহিনীর সবাইকে অভিনন্দন জানান।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*************************

**TB Eradication Initiative:**

রাজ্য থেকে যক্ষা রোগ নির্মূলের লক্ষ্যে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে তা খতিয়ে দেখতে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধির দলটি রাজ্য সফরে এসেছেন| আজ তারা খোয়াই জেলায় তেলিয়ামুড়া ও কল্যাণপুরে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলি পরিদর্শন করেন৷ এরপর খোয়াই জেলাশাসক কার্যালয়ে অতিরিক্ত জেলাশাসক

অভিজিৎ চক্রবর্তী ও স্বাস্থ্য দপ্তরের আধিকারিকদের সঙ্গে প্রতিনিধি দলটি বৈঠক করেন| কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের প্রতিনিধি দলে রয়েছেন কেন্দ্রীয় যক্ষা নিবারণ দপ্তরের চিকিৎসক ভবানী সিং কুশওয়াসা ও ধ্রুবজ্যোতি ডেকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শদাতা ডা: রবিন সিং।

*************************

## Lok Adalat:

আগামী ১৩ সেপ্টেম্বর আগরতলায় ত্রিপুরা উচ্চ আদালত প্রাঙ্গনে এ বছরের তৃতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে। এই লোক আদালতে ২৪টি মামলার নিস্পত্তি করা হবে।

*************************

## Mukhyamantri Samipeshu:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রী সমীপেষু ৫৩পর্ব অনুষ্ঠিত হয়। এই পর্বে রাজ্যের বিভিন্ন স্থান থেকে আসা নাগরিকদের কথা মুখ্যমন্ত্রী শোনেন এবং অবিলম্বে তা সমাধানের জন্য অধিকারিকদের নির্দেশ দেন।

*************************

## National Sports day:

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে নানা কর্মসূচির মধ্য দিয়ে আগামী ২৯ থেকে ৩১ আগস্ট পর্যন্ত ৩ দিনব্যাপী সোনামুড়ায় মহকুমাভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস পালন করা হবে। এই কর্মসূচি অনুযায়ী ২৯ আগস্ট বিকেল ৩টায় নীরমহল প্রাসাদে যোগা প্রদর্শন, ৩০ আগস্ট বিকেল ৩টায় মেলাঘর দ্বাদশ শ্রেণী

বিদ্যালয়ের মাঠে বালিকাদের মধ্যে হকি ও হ্যান্ডবল খেলা এবং ৩১ আগস্ট বিকেল ৩ টায় সোনামুড়ায় সাইকেল র‍্যালীর আয়োজন করা হবে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে।  দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬  ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

*************************

*************************